গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০০৯.১৯-১৫৮৭

তারিখ: ১২ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ।
২৭ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ যশোর জেলার নওয়াপাড়া পৌরসভার বিদ্যমান এলাকা সম্প্রসারণ প্রসঙ্গে।**

সূত্রঃ জনাব মাসুম, পিতা-মো: আক্কাছ আলী মোল্যা, গ্রাম-গাজীপুর, সাভারপাড়া, নওয়াপাড়া এর আবেদন।

উপযুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনে জনাব মাসুম, পিতা-মো: আক্কাছ আলী মোল্যা, গ্রাম-গাজীপুর, সাভারপাড়া, নওয়াপাড়া জানিয়েছেন যে, তিনি যশোর জেলার অভয়নগর উপজেলাধীন রাঘাট ইউনিয়নের ৮৯ নং সাভারপাড়া মৌজার ১০০৮-১০৩৭ নং দাগসমূহ নওয়াপাড়া পৌরসভায় অন্তর্ভূক্তিপূর্বক গেজেটে প্রকাশের অনুরোধ জানিয়েছেন **(সংযুক্তি-০১)**। আবেদনে উল্লিখিত দাগসমূহ মেয়র, নওয়াপাড়া কর্তৃক গত ১৮/০৪/২০১৯ খ্রি: তারিখের ১০৪৭ নম্বর স্মারকে **(সংযুক্তি-০২)** এবং ১৯/০৮/২০১৯ তারিখের ১২০৮ নম্বর স্মারকপত্রের সাথে প্রেরিত জমির তফসীলে উল্লেখ নেই **(সংযুক্তি-০৩)**।

০২। এমতাবস্থায়, জনাব মাসুম, পিতা-মো: আক্কাছ আলী মোল্যা, গ্রাম-গাজীপুর, সাভারপাড়া, নওয়াপাড়া এর আবেদনের ছায়ালিপি এ সাথে প্রেরণ করা হলো। উক্ত পত্রে উল্লিখিত দাগসমূহ যাচাইপূর্বক সম্প্রসারণের যৌক্তিকতা থাকলে গত ১৮/০৪/২০১৯ খ্রি: তারিখের ১০৪৭ নম্বর স্মারক এবং ১৯/০৮/২০১৯ তারিখের ১২০৮ নম্বর স্মারকে প্রেরিত জমির সমন্বিত তফসীলে অন্তর্ভুক্ত করে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা-৩ এবং পৌরসভার পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬ এর বিধি-৩ মোতাবেক নিম্নোক্ত তথ্যাদিসহ (প্রস্তাবিত এলাকার তফসিল নির্ধারিত ছকে নমুনা অনুযায়ী সফট কপিসহ) নওয়াপাড়া পৌর এলাকা সম্প্রসারণের প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| | |
|---|---|
| (ক) | প্রস্তাবিত এলাকার অকৃষি পেশায় নিয়োজিত ব্যক্তির শতকরা হার; |
| (খ) | প্রস্তাবিত এলাকার অকৃষি প্রকৃতির ভূমি শতকরা হার; |
| (গ) | প্রস্তাবিত এলাকার জনসংখ্যার ঘনত্ব; |
| (ঘ) | প্রস্তাবিত এলাকার দাগ নম্বরসমূহ পরস্পর সংযুক্ত ও পৌরসভার সংলগ্ন কি-না; |
| (ঙ) | উক্ত সম্প্রসারণ বিষয়ে নওয়াপাড়া পৌর পরিষদের সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষরিত কার্যবিবরণী; |
| (চ) | প্রস্তাবিত এলাকার অর্থনৈতিক গুরুত্ব এবং অবকাঠামোগত সুবিধার বিবরণ; |
| (ছ) | প্রস্তাবিত এলাকা সেনানিবাস বহির্ভুত কি-না; |
| (জ) | স্কেচ ম্যাপ (A-4 সাইজ কাগজে বিদ্যমান পৌরসভার এলাকা ও সম্প্রসারণের জন্য প্রস্তাবিত এলাকা ও সংশ্লিষ্ট জেলা/উপজেলায় সেনানিবাস থাকলে তার অবস্থান পৃথক কালি দ্বারা চিহ্নিত হতে হবে); এবং |
| (ঝ) | প্রস্তাবিত এলাকার তফসিল নিম্নোক্ত ছক অনুযায়ি প্রদান করাতে হবে (সফট কপিসহ) |

**তফসিল**

| ক্রমিক | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে এল নং | দাগ নং |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

সংযুক্তি: **বর্ণনামতে।**

২৭.১২.২০২০
(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র,
নওয়াপাড়া পৌরসভা, যশোর।

অনুলিপিঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, যশোর।
০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। অফিস কপি।

ফোন ঃ ০৪২২২-৭১২২১

# নওয়াপাড়া পৌরসভা

অভয়নগর, যশোর।

স্মারক নং- নপৌ/প্রকৌঃ বিঃ/২০১৯/ ১২০৮ তারিখ ১৯-০৮-১৯

প্রাপক
সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

| স্থানীয় সরকার বিভাগ<br>সচিবের দপ্তর | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব<br>২) মহাপরিচালক<br>৪) যুগ্ম-প্রধান | ১) প্রশাসন<br>২) উন্নয়ন<br>৫) আইন |
| ডাইরি নম্বরঃ........ | স্বাক্ষর |

দৃষ্টি আকর্ষণ ঃ উপ-সচিব
স্থানীয় সরকার বিভাগ ( পৌর-১ শাখা)
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ নওয়াপাড়া পৌরসভার বিদ্যমান এলাকা সম্প্রসরনের লক্ষ্যে তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০০৯.১৯.৬৪২, তারিখ ঃ ২৭/০৬/২০১৯ ইং।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করতঃ জ্ঞাত করানো যাচ্ছে যে, পৌর এলাকা সম্প্রসারনের লক্ষ্যে গত ০৬/০৩/২০১৯ ইং তারিখের পৌর পরিষদের সিদ্ধান্ত মোতাবেক এ পৌরসভার স্মারক নং- নপৌ/প্রকৌঃ বিঃ/২০১৯/১০৪৭, তারিখঃ ১৮/০৪/২০১৯ ইং এর মাধ্যমে প্রস্তাব প্রেরণ করা হলেও ২৭/০৬/২০১৯ইং তারিখের পৌর পরিষদের মাসিক অধিবেশনে শুধুমাত্র প্রেমবাগ ইউনিয়নের চেঙ্গুটিয়া ও চাঁপাতলা মৌজার ০.৮০ বর্গ কিঃ মিঃ এলাকা নিয়ে এ পৌরসভা সম্প্রসারনের পুনঃ সিদ্ধান্ত গ্রহণের প্রেক্ষিতে সূত্রোক্ত স্মারকের চাহিত তথ্যাদি এতদসাথে প্রেরণ পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্ত ঃ ------------------------ পাতা।

১৯.০৮.১৯
(সুশান্ত কুমার দাস)
মেয়র
নওয়াপাড়া পৌরসভা
অভয়নগর, যশোর।

যুগ্ম-সচিব (নঃউঃ-২) এর দপ্তর
স্মাঃ নং ৮৫৫৮ তাং ৪/৯/১৯
১। পৌর-১ শাখা
২। পৌর-২ শাখা
যুগ্ম-সচিব
স্থানীয় সরকার বিভাগ

নম্বর ৬০৬০ তারিখ ৩/৯/১৯
১। যুগ্ম-সচিব-নঃউঃ১/২
২। উপ-সচিব-/সিঃসঃসঃ-সিঃকঃ-১/২,পৌ-১/২
অতিরিক্ত সচিব (নঃউঃ)

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ০২/৯/১৯
নম্বর ৩৩৭৯

# প্রতিবেদন

বিষয়ঃ- নওয়াপাড়া পৌরসভার সীমানা সম্প্রসারন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নওয়াপাড়া পৌরসভার বর্তমান এলাকা ও প্রস্তাবিত সীমানা সম্প্রসারন সংক্রান্ত বিষয় সরেজমিন তদন্ত করে চাহিত তথ্য মোতাবেক বর্তমান পৌরসভা সংলগ্ন মৌজা সমুহের নক্সায় চিহ্নিত করে দাগসমুহ এবং চাহিত তথ্য অত্রসাথ দেখানো হলোঃ

(ক) পৌরসভা সম্প্রসারণের বিষয় প্রস্তাবিত এলাকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারমান ও সদস্যবৃন্দের অনাপত্তি ঃ সংযুক্ত।

(খ) প্রস্তাবিত সম্প্রসারণের বিষয় পৌর পরিষদের সিদ্ধান্ত সম্বলিত সকল ওয়ার্ড কাউন্সিলর এর স্বাক্ষরযুক্ত কার্যবিবরণী ঃ সংযুক্ত

(গ) স্থানীয় সরকার পৌরসভা আইন, ২০০৯ এর ধারা (৩) এবং পৌরসভার পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬ এর বিধি ৩(১) অনুযায়ী নিম্নরুপ শর্তসমুহের হালনাগাদ তথ্যাদি ঃ

| | |
|---|---|
| ১) প্রস্তাবিত এলাকায় অকৃষি পেশায় নিয়োজিত ব্যক্তির হার | ঃ ৭৯.০৫ % |
| ২) প্রস্তাবিত এলাকায় অকৃষি প্রকৃতির ভুমির হার | ঃ ৩৯.৫০ % |
| ৩) প্রস্তাবিত এলাকায় জনসংখ্যার ঘনত্ব | ঃ ১৭০০ জন (প্রতি বর্গ কিঃমিঃ) |
| ৪) প্রস্তাবিত এলাকার দাগ নম্বর সমুহ পরস্পর সংযুক্ত ও পৌরসভার সংলগ্ন কিনা | ঃ হ্যাঁ |
| ৫) প্রস্তাবিত এলাকার স্থানীয় আয়ের উৎস, অর্থনৈতিক গুরুত্ব এবং অবকাঠামোগত সুবিধার বিবরন | ঃ ভুমি উন্নয়ন কর, সম্পত্তি হস্তান্তর কর, হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স। |
| ৬) প্রস্তাবিত এলাকাটি সেনানিবাস বহির্ভূত কিনা | ঃ হ্যাঁ |

| | | | |
|---|---|---|---|
| ১৯/৮/১৯ | ১৯/০৮/১৯ | 19.8.19 | ১৯.08.19 |
| (মোঃ আলী আকরাম হাওলাদার)<br>সার্ভেয়ার<br>নওয়াপাড়া পৌরসভা | (মোঃ কবির হাচান)<br>সহকারী প্রকৌশলী<br>নওয়াপাড়া পৌরসভা | (অসীম কুমার সোম)<br>নির্বাহী প্রকৌশলী<br>নওয়াপাড়া পৌরসভা | (সুশান্ত কুমার দাস)<br>মেয়র<br>নওয়াপাড়া পৌরসভা |

ফোন ঃ ০৪২২২-৭১২১১

# নওয়াপাড়া পৌরসভা

অভয়নগর, যশোর।

স্মারক নং............................ তারিখ...............................

## নওয়াপাড়া পৌরসভার সম্প্রসারিত এলাকার তফশীল

| ক্রং নং | মৌজার নাম | ইউনিয়নের নাম | জেএল নং | দাগ নং | জমির পরিমান (বর্গ কিঃ মিঃ) |
|---|---|---|---|---|---|
| ০২। | চেঙ্গুটিয়া | প্রেমবাগ | ১৬ | সীট নং- ০২। দাগ নং- ১৩১০-১৩৪৫, ১৫১১-১৫৪৭, ১৫৫১,১৫৫২, ১৬৫৫-১৭৯৪। | ০.৫০ বর্গ কি: মি: |
| ০৩। | চাঁপাতলা | প্রেমবাগ | ১৫ | সীট নং- ০১। দাগ নং- ২৪৮-২৬০, ৪১৫- ৫৬৫। | ০.৩০ বর্গ কি: মি: |
| | | | | মোট জমির পরিমান = | ০.৮০ বর্গ কি: মি: |

০৭.০৪.১৭

(সুশান্ত কুমার দাস)
মেয়র
নওয়াপাড়া পৌরসভা
অভয়নগর, যশোর।

ফোন ঃ ০৪২২২-৭১২১১

# নওয়াপাড়া পৌরসভা

অভয়নগর, যশোর।

স্মারক নং- নপৌ/প্রকৌঃ বিঃ/২০১৯/ ১০৪৭ তারিখ ১৮/৪/১৯

প্রাপক

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ পৌর এলাকা সম্প্রসারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করতঃ জ্ঞাত করানো যাচ্ছে যে, নওয়াপাড়া পৌরসভা একটি জনকল্যানমূলক সেবাধর্মী প্রতিষ্ঠান। সকল প্রকার পৌর নাগরিক সেবা প্রদানে এ পৌরসভা বদ্ধ পরিকর। ২০০৫ সালে নওয়াপাড়া পৌরসভা "ক" শ্রেনীতে উন্নিত হওয়ায় পৌর জনগণের সেবা সংক্রান্ত চাহিদা পূর্বের তুলনায় বহুগুন বৃদ্ধি পাওয়ায় অত্র পৌরসভা জনগণের সকল চাহিদা সাধ্যের মধ্যে থেকে যথাযথভাবে পূরণ করে আসছে। লক্ষ্যাধিক জন অধ্যুষিত পৌরসভার আয়াতন মাত্র ২৫.১২ বর্গঃ কিঃ মিঃ। পৌরসভার সীমানা ঘেষে প্রবাহিত ভৈরব নদ। এছাড়া পৌর এলাকার মধ্যদিয়ে ১২ কিঃ মিঃ রেল পথ অবস্থিত হওয়ায় পৌর এলাকায় গড়ে উঠেছে বহু সংখ্যক ছোট, বড় ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান। যাতায়াতের সকল প্রকার সুযোগ সুবিধা থাকায় গড়ে উঠেছে দক্ষিণবঙ্গের তথা দেশের সর্ববৃহত সারের মোকাম। সম্প্রতি পৌর সীমানার মাঝ বরাবর ভৈরব নদের উপর সেতু নির্মিত হওয়ায় নদের অপর পাড়ে গড়ে উঠেছে ঘন বসতী সহ বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান। নওয়াপাড়ার উন্নয়নে অবিভূত হয়ে নদের অপর প্রান্তের জনগণ দীর্ঘদিন যাবৎ পৌর এলাকার মধ্যে অন্তর্ভূক্ত হওয়ার জন্য মৌখিকভাবে আবেদন জানিয়ে আসছেন। উক্ত এলাকার জনগণের চাহিদার প্রেক্ষিতে পৌর এলাকা সম্প্রসারনের লক্ষ্যে প্রস্তাবিত এলাকা জরিপ করে দেখা যায় বসবাসরত মোট জনগণের ৭৫% প্রাপ্ত বয়স্ক লোক অকৃষিজীবী পেশায় নিয়োজিত রয়েছে। পৌরসভার সার্বিক সেবা বিস্তৃত করা সহ পৌর রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে পৌর এলাকা সম্প্রসারণ করা প্রয়োজনীয় হওয়ায় ০৬/০৩/২০১৯ ইং তারিখের ৩৮নং সভায় সর্বসম্মতিক্রমে পৌর এলাকা সম্প্রসারণের বিষয়টি অনুমোদিত হয়। (কপি সংযুক্ত)। প্রকাশ থাকে যে, নদের অপর পাড় পৌর এলাকা হিসেবে সম্প্রসারণ সহ ব্যাপক উন্নয়ন হলে নদের দুই পার্শ্বে শহর হিসেবে সৌন্দর্য বহুগুনে বৃদ্ধি পাবে। যা নারায়নগঞ্জ ছাড়া বাংলাদেশের আর কোথাও নেই।

এমতাবস্থায় অত্রসাথ প্রেরিত তালিকা মোতাবেক প্রস্তাবিত পল্লী এলাকাকে পৌরসভার অন্তর্ভূক্ত কল্পে শহর ও পৌর এলাকা ঘোষণা পূর্বক পৌরসভার সীমানা সম্প্রসারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্ত ঃ

১) পৌর পরিষদের ৩৮নং সভার কার্যবিবরণী।
২) প্রস্তাবিত সম্প্রসারিত এলাকার মৌজা ম্যাপ এর ফটোকপি।

১৮/৪/১৯
(সুশান্ত কুমার দাস)
মেয়র
নওয়াপাড়া পৌরসভা
অভয়নগর, যশোর।

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
সুপারিশ করছি।
০৬/০৩/১৯

স্বপন ভট্টাচার্য্য, এমপি
প্রতিমন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিমন্ত্রীর দপ্তর

| ডাইরী নং- ২৩৮ | তারিখঃ ৬/৫/১৯ |
|---|---|
| সিনিয়র সচিব ☑ স্থানীয় সরকার বিভাগ<br>সচিব ☐ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ<br>প্রঃ প্রকৌঃ ☐ এল জি ই ডি<br>☐ ডি পি এইচ ই | ☐ অতি জরুরী পেশ করুন।<br>☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন।<br>☐ বিবেচনার জন্য সুপারিশ। |

255 Laptop D:\MINISTRY.doc

ব্যবস্থা গ্রহণ করবেন।
গ) লাইসেন্স ফিস আদায়ের হার সন্তোষজনক। হার আরও বৃদ্ধির জন্য লাইসেন্স পরিদর্শক জনাব বশির আহমেদ খান

ফোন ঃ ০৪২২২-৭৫২১১

২৩

# নওয়াপাড়া পৌরসভা

অভয়নগর, যশোর।

.................. তারিখ..............................

## নওয়াপাড়া পৌরসভার সম্প্রসারিত এলাকার তফশীল

| ক্রং নং | মৌজার নাম | ইউনিয়নের নাম | জেএল নং | দাগ নং | জমির পরিমান (বর্গ কিঃ মিঃ) |
|---|---|---|---|---|---|
| ০১। | চেঙ্গুটিয়া | প্রেমবাগ | ১৬ | সীট নং- ০২। দাগ নং-১৩১০-১৩৭০ ১৪৬৯-১৭৬৮ | ০.৩৫ বর্গ কি: মি: |
| ০২। | দেয়াপাড়া | শ্রীধরপুর | ২০ | সীট নং- ০৪। দাগ নং- ৩৫০১ - ৪৬১৫ | ০১.০৫ বর্গ কি: মি: |
| ০৩। | শংকরপাশা | শ্রীধরপুর | ৫৮ | সীট নং- ০১। দাগ নং- ১-১৫১৮<br>সীট নং- ০২। দাগ নং- ৩০০১-৩৯৩৯ | ০৩.২৫ বর্গ কি: মি: |
| ০৪। | মধ্যপুর | বাঘুটিয়া | ৬১ | দাগ নং- ১-৪১৮ | ০১.১০ বর্গ কি: মি: |
| ০৫। | বিভাগদি কন্দনপুর | বাঘুটিয়া | ৬২ | সীট নং-০২। এসএ দাগ নং-৭৩২-৭৬৩,৭৬৫-১৫৩৭, ১৫৩৯-১৫৭৭, ১৫৯৭-১৬১১, ১৬১৪-১৬১৯, ১৬৫০-১৬৫৪ | ০১.১৫ বর্গ কি: মি: |
| | | | | মোট জমির পরিমান = | ০৬.৯০ বর্গ কি: মি: |

২৬/৪/১২

(সুশান্ত কুমার দাস)
মেয়র
নওয়াপাড়া পৌরসভা
অভয়নগর, যশোর।

ব্যবস্থা গ্রহণ করবেন।

গ) লাইসেন্স ফিস আদায়ের হার সন্তোষজনক। হার আরও বৃদ্ধির জন্য লাইসেন্স পরিদর্শক জনাব বশির আহমেদ খান

- 29 -  ANNEXURE- D

~~-88-~~  ~~ANNEXURE- J-3~~

তারিখ ঃ ০২/০২/২০২০ইং

বরাবর
সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০।

বিষয় ঃ যশোর জেলার অভয়নগর উপজেলাধীন রাজঘাট ইউনিয়নের ৮৯নং সাভারপাড়া মৌজার ১০০৮-
১০৩৭নং দাগসমূহ নওয়াপাড়া পৌরসভায় অন্তর্ভুক্তি পূর্বক গেজেট প্রকাশের আবেদন।

জনাব,
যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী যশোর জেলার অভয়নগর
উপজেলাধীন রাজঘাট ইউনিয়নের ৮৯নং সাভারপাড়া মৌজার ১০১১-১০২০ নং দাগ সমূহের মালিক ও
ভোগ দখলকার। আপনার দপ্তর হইতে বিগত ১৭/১০/১৯৯৬ইং তারিখের এস.আর.ও. নং ১৮৩-
আইন/৯৬ মূলে নওয়াপাড়া পৌরসভা ঘোষণা করা হয়। পরবর্তীতে বিগত ১৭/০৫/১৯৯৮ইং তারিখে
এস.আর.ও. নং ৭৩-আইন/৯৮ মূলে উক্ত উপজেলাধীন ২টি ইউনিয়নের কয়েকটি মৌজা সহ রাজঘাট
ইউনিয়নের ৮৯নং সাভারপাড়া মৌজার ১-১২, ১৬-২১৭, ২২০-৯০৫ এবং ১০৩৮-১৩৫৫নং দাগসমূহ
নওয়াপাড়া পৌরসভার অন্তর্ভুক্ত করা হয়। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় এই যে, উক্ত মৌজাধীন ১০০৮-
১০৩৭নং দাগসমূহ সুকৌশলে পৌরসভা এলাকার মধ্যে অন্তর্ভুক্ত না করিয়া উহার বাহিরে রাখা হইয়াছে।
অথচ উক্ত দাগসমূহের চতুর্দিকের সমস্ত এলাকা পৌরসভার অন্তর্ভুক্ত করিয়া গেজেট প্রকাশিত হইয়াছে।
যাহার ফলে আমি সহ অত্র এলাকার অন্যান্য স্থায়ী বাসিন্দারা বিবিধ সমস্যার সম্মুখীন হইতেছেন। প্রসঙ্গত
উল্লেখ্য যে, আমি ও ১০০৮-১০৩৭নং দাগসমূহের অন্যান্য বাসিন্দারা ৮নং ওয়ার্ডের ভোটার হিসাবে বিগত
২টি পৌরসভা নির্বাচনে ভোট প্রদান করি। আমরা নওয়াপাড়া পৌরসভার ৮নং ওয়ার্ডের বাসিন্দা হিসাবে
পৌরকর সহ সকল প্রকার বিল পরিশোধ করিয়া আসিতেছি। কিন্তু আমাদের স্বত্ব-দখলীয় ১০০৮-১০৩৭নং
দাগসমূহ নওয়াপাড়া পৌরসভার আওতাধীন হিসাবে গেজেটভূক্ত না হওয়ায় উক্ত জমি হস্তান্তরের ক্ষেত্রে
নানান জটিলতার সম্মুখীন হইতেছি। উপরোক্ত ঘটনা সমূহ বর্ণনা করিয়া আমি সহ অত্র এলাকার অন্যান্য
বাসিন্দারা আপনার দপ্তর সহ অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরে একাধিকবার আবেদন করিয়াও কোনরূপ ফলাফল
পাই নাই। সুতরাং সাভারপাড়া মৌজার ১০০৮-১০৩৭নং দাগসমূহ নওয়াপাড়া পৌরসভায় অন্তর্ভুক্ত করিয়া
গেজেট প্রকাশ করা একান্ত আবশ্যক।

অতএব, মহাত্মনের নিকট নিবেদন এই যে, উপরোক্ত অবস্থা ও কারণাধীনে যশোর জেলার অভয়নগর
উপজেলাধীন রাজঘাট ইউনিয়নের ৮৯নং সাভারপাড়া মৌজার ১০০৮-১০৩৭নং দাগসমূহ নওয়াপাড়া
পৌরসভায় অন্তর্ভুক্ত করিয়া গেজেট প্রকাশ করিতে মহোদয়ের সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

মাসুম

(মাসুম)
পিতা- মোঃ আক্কাছ আলী মোল্যা

True Copy
Advocate